বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর

স্মারক নং-বেরোবি/রেজিঃ/ভর্তি বিজ্ঞপ্তি/১৫২/২০১৯/ তারিখ: ০২/১০/২০১৯

ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ০৬ (ছয়) টি অনুষদের ২১ (একুশ)টি বিভাগে ১ম বর্ষ স্নাতক (সম্মান), বিএসসি (ইঞ্জিনিয়ারিং) এবং বিবিএ প্রোগ্রামে শিক্ষার্থী ভর্তির আবেদন আহ্বান করা হচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদেরকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনলাইন (http://brur.admissionreg.net) -এ আবেদন করতে হবে। আসন সংখ্যাসহ ইউনিট, অনুষদ ও বিভাগগুলোর বিবরণ নিম্নরূপ:

ইউনিট	অনুষদ	বিভাগ	আসন সংখ্যা (এইচএসসি/সমমান পরীক্ষার শাখা অনুযায়ী)			
			ব্যবসায় শিক্ষা	মানবিক	বিজ্ঞান	মোট
A	কলা অনুষদ	বাংলা (BAN)	০৫	৪০	২০	৬৫
		ইংরেজি (ENG)	০৫	৩৫	২৫	৬৫
		ইতিহাস ও প্রত্নতত্ত্ব (HIS)	০৫	৫০	১০	৬৫
B	সামাজিক বিজ্ঞান অনুষদ	অর্থনীতি (ECO)	১১	২২	৩২	৬৫
		রাষ্ট্রবিজ্ঞান (POL)	১১	৪২	১২	৬৫
		সমাজবিজ্ঞান (SOC)	১১	৩২	২২	৬৫
		জেন্ডার এন্ড ডেভলপমেন্ট স্টাডিজ (GDS)	১১	৩২	২২	৬৫
		গণযোগাযোগ ও সাংবাদিকতা (MCJ)	০৬	২২	২২	৫০
		লোক প্রশাসন (PAD)	১১	২৭	২৭	৬৫
C	বিজনেস স্টাডিজ অনুষদ	ম্যানেজমেন্ট স্টাডিজ (MGT)	৪৫	১৫		৬০
		একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস (AIS)	৫০	১৫		৬৫
		মার্কেটিং (MKT)	৪৫	১৫		৬০
		ফাইন্যান্স এন্ড ব্যাংকিং (F&B)	৪৫	১৫		৬০
D	বিজ্ঞান অনুষদ	গণিত (MAT)	০০	০০	৭০	৭০
		পদার্থবিজ্ঞান (PHY)	০০	০০	৭০	৭০
		রসায়ন (CHE)	০০	০০	৭০	৭০
		পরিসংখ্যান (STA)	০০	০০	৭০	৭০
E	প্রকৌশল ও প্রযুক্তি অনুষদ	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (CSE)	০০	০০	৪৫	৪৫
		ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE)	০০	০০	৫৫	৫৫
F	জীব ও ভূ-বিজ্ঞান অনুষদ	ভূগোল ও পরিবেশ বিজ্ঞান (GES)	২০		৪০	৬০
		দুর্যোগ ব্যবস্থাপনা (DSM)	২০		৪০	৬০

১। আবেদনের যোগ্যতা:

১.১ ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন করার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা নিম্নরূপ:

ইউনিট	এইচএসসি বা সমমান পরীক্ষার শাখা	ন্যূনতম GPA (৪র্থ বিষয়সহ)		ন্যূনতম মোট GPA (৪র্থ বিষয়সহ)
		এসএসসি/সমমান পরীক্ষা (পাসের বছর ২০১৬ বা ২০১৭)	এইচএসসি/সমমান পরীক্ষা (পাসের বছর ২০১৮ বা ২০১৯)	
A	মানবিক	৩.০০	৩.০০	৬.৫০
	ব্যবসায় শিক্ষা	৩.০০	৩.০০	৬.৫০
	বিজ্ঞান	৩.৫০	৩.০০	৭.০০
B	মানবিক	৩.৫০	৩.০০	৭.০০
	ব্যবসায় শিক্ষা	৩.৫০	৩.৫০	৭.৫০
	বিজ্ঞান	৩.৫০	৩.৫০	৭.৫০
C	মানবিক	৩.০০	৩.০০	৬.৫০
	ব্যবসায় শিক্ষা	৩.০০	৩.০০	৬.০০
	বিজ্ঞান	৩.০০	৩.০০	৬.৫০
D	বিজ্ঞান	৩.৫০	৩.৫০ গণিত বিষয়ে ন্যূনতম A^- গ্রেড	৭.০০
E	বিজ্ঞান	৩.৫০	৩.৫০ গণিত ও পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম A^- গ্রেড	৭.৫০
F	বিজ্ঞান	৩.৫০	৩.৫০	৭.৫০
	মানবিক/ব্যবসায় শিক্ষা	৩.৫০	৩.০০	৭.০০

১.২ ২০১৬ সালের পূর্বে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রেজিস্ট্রেশন করতে পারবে না।

১.৩ কেবলমাত্র ১.১ এর শর্তাবলী পূরণ সাপেক্ষেই রেজিস্ট্রেশন করা যাবে।

১.৪ O-Level এ ৩(তিন) টি বিষয়ে কমপক্ষে B গ্রেডসহ ৫ (পাঁচ) টি বিষয়ে পাশ এবং A-Level এ ২ (দুই) টি বিষয়ে কমপক্ষে B গ্রেড থাকতে হবে। O-Level ও A-Level পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের প্রশ্নপত্র ইংরেজিতে হবে। O Level & A Level সার্টিফিকেটধারী আবেদনকারী নির্ধারিত লিঙ্ক O-Level & A-Level Application এ গিয়ে প্রয়োজনীয় তথ্যাদি **২০ অক্টোবর ২০১৯ এর** মধ্যে দিতে হবে। **২০ অক্টোবর ২০১৯ এর পর** বিশ্ববিদ্যালয়ের BRUR INFO অথবা অথোরাইজড নম্বর হতে আবেদনকারী প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে Equivalent ID জানিয়ে দেয়া হবে। **২১ অক্টোবর ২০১৯ থেকে আবেদনের শেষ সময় পর্যন্ত** ভর্তির ওয়েবসাইটে নির্ধারিত লিঙ্ক O-Level & A-Level Application এ গিয়েই পরবর্তী আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে Equivalent ID ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Equivalent(A level/O level) নির্বাচন করে যথাযথ নিয়মে নির্দিষ্ট সময়ে আবেদন ফি জমা দিয়ে আবেদন ফি জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে।

২। ভর্তি পরীক্ষার রেজিস্ট্রেশন ফি:

ইউনিট	অনুষদ	রেজিস্ট্রেশন ফি
A	কলা	৪৪০.০০ টাকা
B	সামাজিক বিজ্ঞান	৬০৫.০০ টাকা
C	বিজনেস স্টাডিজ	৪৯৫.০০ টাকা
D	বিজ্ঞান	৪৯৫.০০ টাকা
E	প্রকৌশল ও প্রযুক্তি	৩৮৫.০০ টাকা
F	জীব ও ভূ-বিজ্ঞান	৩৮৫.০০ টাকা

৩। **ভর্তি পরীক্ষার আবেদনের পদ্ধতি:**

৩.১ ভর্তির আবেদনপত্র **অনলাইনে ০৩ অক্টোবর ২০১৯ (রাত ১২:০১ টা) হতে ২৫ অক্টোবর ২০১৯ (রাত ১২: ০০ টা)** তারিখ পর্যন্ত পাওয়া যাবে। আবেদনপত্র প্রাপ্তির ওয়েব ঠিকানা http://brur.admissionreg.net

৩.২ যে কোন ইউনিটে ভর্তির আবেদন করার জন্য বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটের **http://brur.admissionreg.net** লিঙ্কে গিয়ে **'HSC/Equivalent Application'** বাটনে ক্লিক করতে হবে **'HSC/Equivalent Application'** বাটনে ক্লিক করার পর আবেদনকারীর উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম এবং মাধ্যমিক বা সমমান পরীক্ষার রোল নম্বর, পাসের সন ও বোর্ডের নাম প্রদান করার ফর্ম দেখতে পাবেন। প্রয়োজনীয় সকল তথ্য সঠিক ভাবে পুরণ করে **'Submit'** বাটনে ক্লিক করতে হবে।

৩.৩ যদি গুগল ক্যাপচা (এটি একটি স্বয়ংক্রিয় পাবলিক ট্যুরিং পরীক্ষা, যা কম্পিউটার ও মানুষের মাঝে পার্থক্য নির্ণয় করে) আবেদনকারীর পেইজে দৃশ্যমান হয় সেক্ষেত্রে সতর্কতার সাথে ক্যাপচা ভেরিফিকেশন সম্পন্ন করে পরবর্তী পেইজে যেতে হবে। কয়েকটি ক্যাপচা ভেরিফিকেশন এর নমুনা হল (Storefront, Car, Truck, Tree, cycle, Traffic light etc.)

৩.৪ আবেদনকারীর তথ্যসমূহ সঠিক হলে পরবর্তী পেইজে আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বর চাওয়া হবে। মোবাইল নম্বর সঠিক ভাবে প্রদান করে 'Submit' করলে আবেদনকারীর মোবাইলে একটি 'Confirmation Code' পাঠানো হবে।

৩.৫ আবেদনের সময় যেই মোবাইল নম্বর ব্যবহার করা হবে তা অবশ্যই শিক্ষার্থীর মোবাইল নম্বর হতে হবে। উক্ত মোবাইল নম্বরে ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল নোটিফিকেশন বিশ্ববিদ্যালয় থেকে প্রেরণ করা হবে।

৩.৬ এই ধাপে Confirmation Code টি চাওয়া হবে এবং সঠিকভাবে তা প্রদান করলেই কেবলমাত্র আবেদনের মূল পেইজে যেতে পারবে।

৩.৭ Confirmation Code প্রদান করে 'Submit' করার পর Confirmation Code টি সঠিক হলে আবেদনকারীর একটি প্রোফাইল তৈরি হবে এবং সেখানে আবেদনকারীর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার তথ্যাবলি প্রদর্শিত হবে। আবেদনকারীর যদি কোন কোটা থাকে এবং তিনি সেটা আবেদনে যুক্ত করতে চান তাহলে তার প্রোফাইলে কোটা যুক্ত করার অপশন থেকে তার কাঙ্খিত এক বা একাধিক কোটা যুক্ত করতে পারবেন।

৩.৮ ভর্তির ওয়েবসাইটে লগইন করার সময় কোন শিক্ষার্থী যদি Invalid Information সমস্যা সম্মুখীন হয়ে থাকেন, তাহলে উক্ত ওয়েবপেজে থাকা 'Click here if you face Invalid Information' বাটনে ক্লিক করতে হবে। উক্ত বাটনে ক্লিক করার পর নতুন একটি পেজ আসবে। এই পেজে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকের তথ্য প্রদান করে 'Claim' বাটনে ক্লিক করে অভিযোগ জমা দিতে হবে। অভিযোগ জমা হওয়ার পর Helpdesk এ প্রদত্ত মোবাইল নম্বরে যোগাযোগ করতে হবে।

৩.৯. আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে সঠিক মাপের সদ্য তোলা একটি পরিষ্কার ফরমাল ছবি আপলোড করতে হবে। ছবি অবশ্যই নির্দিষ্ট মাপের হতে হবে এবং আবেদনকারীর চেহারা অনাবৃত থাকতে হবে। ছবি আপলোডের সময় দেখানো নির্দেশিকা ভালো করে পড়ে তা যথাযথ অনুসরণ করতে হবে। ছবি আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। ছবি এক (১) বার-ই আপলোড করা যাবে। ছবি আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে।

৩.১০আবেদনকারীকে তার প্রোফাইলের নির্দিষ্ট অংশে গিয়ে স্ক্যান করা নিজের একটি স্বাক্ষর (কাগজে কালো কালি দিয়ে গাঢ় করে স্বাক্ষর করে স্ক্যান করতে হবে) আপলোড করতে হবে।স্বাক্ষর আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। স্বাক্ষর এক (১) বারই আপলোড করা যাবে। স্বাক্ষর আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে।

৩.১১ আবেদনকারী তার প্রোফাইল এ Apply অপশনে ক্লিক করে তিনি কোন কোন ইউনিটে আবেদনের যোগ্য তার একটি তালিকা দেখতে পাবেন। উক্ত তালিকায় স্ব স্ব ইউনিটের আবেদনের যোগ্যতা দেখতে পাওয়া যাবে। কিন্তু ছবি ও স্বাক্ষর আপলোড সম্পন্ন না হলে আবেদনকারী কোনো ইউনিটে আবেদন করতে পারবে না।

৩.১২ আবেদনকারী যে ইউনিটে আবেদন করতে ইচ্ছুক সেই ইউনিটের Apply বাটনে ক্লিক করলে একটি Private Key পাবেন। উক্ত Private Key টি ব্যবহার করে Mobile Financial Service Operator 'রকেট' অথবা 'শিওর ক্যাশ' অথবা 'বিকাশ' এর মাধ্যমে আবেদনকারীকে ঐ ইউনিটের জন্য আবেদন ফি জমা দিতে হবে। **আবেদন ফি ২৬ অক্টোবর ২০১৯ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত জমা দেওয়া যাবে।**

৩.১৩ ছবি আপলোডের ক্ষেত্রে নির্দেশিকা:
ছবি অবশ্যই ৩০০ x ৩০০ আকারের হতে হবে এবং সাইজ ১০০ KB এর নিচে হতে হবে । ছবি আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। ছবি এক (১) বার-ই আপলোড করা যাবে। ছবি আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে।

৩.১৪ স্বাক্ষর আপলোডের ক্ষেত্রে নির্দেশিকা:
স্বাক্ষর অবশ্যই ৩০০ x ৮০ আকারের হতে হবে এবং সাইজ ৬০ KB এর নিচে হতে হবে । স্বাক্ষর আপলোড ব্যতীত আবেদনের অন্যান্য ধাপ সম্পন্ন করা যাবে না। স্বাক্ষর এক (১) বার-ই আপলোড করা যাবে। স্বাক্ষর আপলোড করার পর তা পরিবর্তনযোগ্য নহে।

৩.১৫ মোবাইল নম্বর প্রদানের ক্ষেত্রে নির্দেশিকা:
আবেদনকারীর ব্যক্তিগত মোবাইল নম্বরের ক্ষেত্রে নম্বর প্রদানের সময় কোন চিহ্ন ব্যবহার করা যাবে না। মোবাইল নম্বরের ডিজিট হবে ১১ সংখ্যার(যেমন ০১xxxxxxxxx)। এছাড়া পরবর্তী যোগাযোগের ক্ষেত্রে মোবাইল নম্বর অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায় মোবাইল নম্বর প্রদানের ক্ষেত্রে ব্যক্তিগত নম্বর দেয়া বাঞ্ছনীয়। কোন কারণে সেটি সম্ভব না হলে পিতা-মাতার মোবাইল নম্বর প্রদান করা যেতে পারে।

৪. O Level & A Level সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে নির্দেশিকা:
O Level & A Level সার্টিফিকেটধারী আবেদনকারী নির্ধারিত লিঙ্ক O-Level & A-Level Application এ গিয়ে প্রয়োজনীয় তথ্যাদি **২০ অক্টোবর ২০১৯ এর** মধ্যে দিতে হবে। **২০ অক্টোবর ২০১৯ এর পর** বিশ্ববিদ্যালয়ের অথোরাইজড নম্বর হতে আবেদনকারী প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে আবেদনকারীকে Equivalent ID জানিয়ে দেয়া হবে। **২১ অক্টোবর ২০১৯ থেকে আবেদনের শেষ সময় পর্যন্ত** ভর্তির ওয়েবসাইটে নির্ধারিত লিঙ্ক O-Level & A-Level Application এ গিয়েই পরবর্তী আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক রোল নম্বরের স্থানে Equivalent ID ব্যবহার করে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বোর্ড এর স্থলে Equivalent Board নির্বাচন করে যথাযথ নিয়মে নির্দিষ্ট সময়ে আবেদন ফি জমা দিয়ে আবেদন ফি জমা দেয়ার রশিদ সংগ্রহ করতে হবে।

৫. <u>পরীক্ষা কেন্দ্রে যা আনতে হবে:</u>

(i) এইচএসসি/সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড।

(ii) প্রবেশপত্র দুই কপি (প্রবেশপত্র দুটির এক কপি পরীক্ষার হলে সংশ্লিষ্ট পরিদর্শকের নিকট জমা দিতে হবে এবং অন্য কপি নিজের কাছে রাখবে)। ৩.১৩ এর ছবি ও ৩.১৪ এর স্বাক্ষর পরিবর্তন করা হলে পরীক্ষার্থীর পরীক্ষা বাতিল করা হবে।

৬. <u>পরীক্ষা কেন্দ্রে যা বহন করা নিষিদ্ধ:</u>

(i) পরীক্ষার হল-এ মোবাইল ফোনসহ অন্য কোন রকমের ইলেকট্রনিক ডিভাইস যেমন- যে কোন ধরনের ক্যালকুলেটর, হেডফোন, মেমোরিযুক্ত ঘড়ি ইত্যাদি নিয়ে প্রবেশ করা যাবে না।

৭. রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন পরামর্শের জন্য **01974766899; 01878766899** নম্বরে অথবা admission@brur.ac.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। BRUR INFO থেকে অথবা ০১৮৪৭৩২৩৩৯৯ নম্বর থেকে ভর্তি সংক্রান্ত সকল এসএমএস (SMS) প্রদান করা হবে।

৮. <u>রেজিস্ট্রেশন, ভর্তি পরীক্ষা ও ফলাফল প্রকাশের তারিখ:</u>

৯. রেজিস্ট্রেশন: অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন **০৩/১০/২০১৯ তারিখ রাত ১২:০১ টা হতে ২৫-১০-২০১৯ তারিখ রাত ১২:০০ টা পর্যন্ত**। ছুটির দিনসহ যেকোন সময় রেজিস্ট্রেশন করা যাবে।

১০. ভর্তি পরীক্ষা:

তারিখ	বার	সময়
১০/১১/২০১৯	রবিবার	ইউনিট ভিত্তিক পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট http://brur.admissionreg.net এ প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে।
১১/১১/২০১৯	সোমবার	
১২/১১/২০১৯	মঙ্গলবার	
১৩/১১/২০১৯	বুধবার	
১৪/১১/২০১৯	বৃহস্পতিবার	

১০.১ পরীক্ষার্থীকে পরীক্ষা শুরুর ৩০ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে।

১০.২ ভর্তি পরীক্ষার ফলাফল ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট http://brur.admissionreg.net এ প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে।

১০.৩ ভর্তি পরীক্ষার আসন বিন্যাস: পরীক্ষার তারিখ, সময়, ভবনের নাম, কক্ষ নম্বরসহ যাবতীয় তথ্য বিশ্ববিদ্যালয়ের ভর্তি সংক্রান্ত ওয়েব সাইট http://brur.admissionreg.net এ প্রকাশ করা হবে এবং SMS এর মাধ্যমে জানানো হবে।

১১. <u>MCQ পরীক্ষা এবং ইউনিটভুক্ত বিভাগসমূহের ভর্তির শর্তাবলী:</u>

১১.১ এইচএসসি/সমমান পরীক্ষার পাঠ্যসূচি, সাধারণ জ্ঞান (প্রযোজ্য ইউনিটের ক্ষেত্রে) ও আই.কিউ (প্রযোজ্য ইউনিটের ক্ষেত্রে) হতে Multiple Choice of Questions (MCQ) পদ্ধতিতে ৮০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৮০ নম্বরের জন্য সর্বমোট ৮০টি প্রশ্ন থাকবে। প্রতিটি প্রশ্নের মান ১ এবং পরীক্ষার সময়কাল ১ ঘন্টা। MCQ পরীক্ষার পাস নম্বর ৩০। **প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।**

১১.২ <u>ইউনিটভুক্ত বিভাগসমূহের ভর্তির শর্তাবলী:</u>

ইউনিট	MCQ পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন (মোট নম্বর =৮০)	বিভাগ	এইচএসসি/সমমান পরীক্ষায় যা থাকা আবশ্যক	MCQ পরীক্ষায় পাস নম্বর
A	বাংলা-৩০ ইংরেজি-৩০ সাধারণ জ্ঞান-২০ (বাংলাদেশ বিষয়াবলী-১০+আন্তর্জাতিক বিষয়াবলী-১০)	BAN	বাংলা বিষয়ে ন্যূনতম B গ্রেড	বাংলায় ন্যূনতম ১২ ও ইংরেজিতে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		ENG	ইংরেজি বিষয়ে ন্যূনতম B গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ১০ ও বাংলায় ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		HIS	প্রযোজ্য নয়	ইংরেজিতে ন্যূনতম ৭,বাংলায় ন্যূনতম ৮ ও সাধারণ জ্ঞানে ন্যূনতম ৬ নম্বরসহ মোট ৩০ নম্বর
B	বাংলা-২০ ইংরেজি-২০ সাধারণ জ্ঞান ও দক্ষতা নিরূপণ পরীক্ষা-৪০	ECO	অর্থনীতি/গণিত/পরিসংখ্যান/ব্যবসায় নীতি ও প্রয়োগ/হিসাববিজ্ঞান বিষয়ে ন্যূনতম B গ্রেড	বাংলায় ন্যূনতম ৬ ও ইংরেজিতে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		POL	প্রযোজ্য নয়	
		SOC		
		GDS		
		MCJ		
		PAD		
C	<u>X-গ্রুপ</u> (আবশ্যিক) { বাংলা-২০, ইংরেজি-২০, ICT=১০ } = ৫০ <u>Y-গ্রুপ</u> { <u>HSC ব্যবসায় শিক্ষা শাখা :</u> (i) হিসাববিজ্ঞান (ii) ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা = ৩০; <u>HSC বিজ্ঞান ও মানবিক শাখা :</u> সাধারণ জ্ঞান ও আই.কিউ = ৩০ }	MGT	প্রযোজ্য নয়	ইংরেজিতে ন্যূনতম ৭,বাংলায় ন্যূনতম ৭ ও Y গ্রুপ-এ ন্যূনতম ১৫ নম্বরসহ মোট ৩০ নম্বর।
		AIS		
		MKT		
		F&B		
D	ইংরেজি-২০ পদার্থবিজ্ঞান-২০ রসায়ন-২০ গণিত-২০	MAT	গণিত বিষয়ে ন্যূনতম A^{-} গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৫ ও গণিত বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		PHY	পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম A^{-} গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৫ ও পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		CHE	রসায়ন ও গণিত বিষয়ে ন্যূনতম A^{-} গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৫ ও রসায়ন বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		STA	গণিত বিষয়ে ন্যূনতম A গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৫ ও গণিত বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
E	ইংরেজি-১০, ICT -১০, পদার্থবিজ্ঞান-৩০ ,গণিত-৩০	CSE	গণিত ও পদার্থবিজ্ঞান বিষয়ে ন্যূনতম A^{-} গ্রেড	ইংরেজিতে ন্যূনতম ৩, ICT তে ন্যূনতম ৩ এবং গণিত ও পদার্থবিজ্ঞান বিষয়ে পৃথকভাবে ন্যূনতম ১২ নম্বরসহ মোট ৩০ নম্বর।
		EEE		
F	<u>বিজ্ঞান শাখার জন্য:</u> ইংরেজি-২০, পদার্থবিজ্ঞান-২০, রসায়ন-২০, জীববিজ্ঞান/গণিত-২০ <u>মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য:</u> ইংরেজি-২০, সাধারণ জ্ঞান-৪০ দক্ষতা নিরূপণ পরীক্ষা (Aptitude Test)-২০	GES	প্রযোজ্য নয়	ইংরেজি বিষয়ে ন্যূনতম ৮ নম্বরসহ মোট ৩০ নম্বর
		DSM	প্রযোজ্য নয়	

১২. ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর নির্ধারণ ও মেধা তালিকা প্রণয়ন:

১২.১ (i) এসএসসি/সমমান পরীক্ষার নম্বরের ভিত্তিতে = ৭.৫ , (ii) এইচএসসি/সমমান পরীক্ষার ভিত্তিতে = ১২.৫ এবং (iii) MCQ পরীক্ষা ৮০ নম্বরসহ ভর্তি পরীক্ষার সর্বমোট নম্বর ১০০। এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্টকে ১.৫ দিয়ে এবং এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্টকে ২.৫ দিয়ে গুণ করে ২০ নম্বরে প্রাপ্ত নম্বর নির্ধারণ করে MCQ পরীক্ষার প্রাপ্ত নম্বরের সাথে যোগ করে কেবল MCQ পরীক্ষায় পাস নম্বর (৩০) প্রাপ্ত পরীক্ষার্থীদের মেধা তালিকা তৈরি করা হবে।

১২.২ একাধিক প্রার্থী ভর্তি পরীক্ষায় একই নম্বর পেলে মেধাক্রমের ক্ষেত্রে নিম্নলিখিত ক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবেঃ
MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বর, এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট, এসএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট, এইচএসসি/সমমান পরীক্ষায় পাশের বছর এবং ভর্তি পরীক্ষার রোল নম্বর।

১২.৩ A, B ও C প্রত্যেক ইউনিটে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য পৃথক পৃথক মেধা তালিকা প্রণয়ন করে ফলাফল প্রকাশ করা হবে এবং F ইউনিটের বিজ্ঞানের ১টি এবং মানবিক ও ব্যবসায় শিক্ষা সমন্বয়ে আর একটি মেধা তালিকা প্রণয়ন করা হবে। D এবং E ইউনিটের জন্য শুধুমাত্র একটি করে মেধা তালিকা প্রণয়ন করা হবে।

১২.৪ পাস নম্বর না পেলে কোন প্রার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে না। কোটা (মুক্তিযোদ্ধা কোটা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠি, প্রতিবন্ধী, পোষ্য কোটা, হরিজন অধিবাসী) সহ সকল প্রার্থীর ক্ষেত্রেই এ বিধি প্রযোজ্য হবে।

১৩. বিভাগ নির্ধারণ:
মেধা তালিকা প্রকাশের পর উত্তীর্ণ পরীক্ষার্থীদের অনলাইনে Choice Form পূরণপূর্বক প্রার্থীর পছন্দক্রম অনুযায়ী বিভাগ নির্ধারন করে মেধাক্রম অনুযায়ী সাক্ষাৎকার গ্রহণ করা হবে। আসন শূন্য থাকা সাপেক্ষে প্রার্থীর পছন্দক্রম (Choice order) অনুযায়ী বিভাগ নির্ধারণ করে ভর্তির জন্য তালিকা প্রকাশ করা হবে।

১৪. কোটায় ভর্তি (আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ও বিভাগ নির্ধারণ):

১৪.১ মোট আসন সংখ্যার শতকরা ৫ জন মুক্তিযোদ্ধা কোটা (FFQ), শতকরা ১.৫ জন ক্ষুদ্র নৃ-গোষ্ঠি (SEQ), শতকরা ১ জন প্রতিবন্ধী (PDQ), শতকরা ২ জন পোষ্য (WQ), শতকরা ০.৫ জন হরিজন (HQ) কোটায় ভর্তি করা হবে। এ সংখ্যা মোট আসন সংখ্যার অতিরিক্ত।

১৪.২ কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীকে MCQ পরীক্ষার সময় OMR শীটে নির্ধারিত বৃত্ত ভরাট করতে হবে। **OMR শীটে নির্ধারিত বৃত্ত ভরাট না করলে কোটাভুক্ত পরীক্ষার্থী হিসেবে বিবেচিত হবে না।** মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত নীতিমালা অনুসরণ করা হবে।

১৪.৩ কোটায় ভর্তিচ্ছু ন্যূনতম পাস নম্বর প্রাপ্ত শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে এবং বিভাগসমূহের ভর্তির শর্ত পূরণ সাপেক্ষে বিভাগ নির্ধারণ করে কোটার ভর্তির তালিকা প্রকাশ করা হবে।

*ভর্তি সংক্রান্ত যাবতীয় আপডেট তথ্য http://brur.admissionreg.net , বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.brur.ac.bd এবং ভর্তি সংক্রান্ত অফিসিয়াল ফেসবুক পেজ www.facebook.com/BRUR-admission এ পাওয়া যাবে।
* ভর্তি বিজ্ঞপ্তির যেকোন বিষয় পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করার ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অব:)
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর
ই-মেইলঃ **registrar@brur.ac.bd**